

প্রথম অধ্যায়

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি : বিশ্ব ও বাংলাদেশ প্রেক্ষিত

মডেল--০৫

১.► বিখ্যাত চিকিৎসক প্রফেসর ড. চৌধুরী সিঙ্গাপুর প্রবাসী বাংলাদেশী নাগরিক। দেশে-বিদেশে তার যথেষ্ট সুনাম রয়েছে। তিনি ক্লাসে রোগী ছাড়াই বিশেষ প্রযুক্তির মাধ্যমে বাস্তব অনুভূতি সৃষ্টি করে শিক্ষার্থীদের হার্টের অপারেশন বোঝান। জনাব মাসুদ একজন সাধারণ মধ্যবিত্ত বাঙালি। হঠাৎ তার ছেলে ভীষণ অসুস্থ হয়ে পড়লে তিনি খুব বিচলিত হন। তথ্য প্রযুক্তির কল্যাণে ড. চৌধুরীর সাথে দ্রুত যোগাযোগ করেন এবং রোগীর সমস্ত বিবরণ ও রিপোর্ট পাঠান। ড. চৌধুরী সিঙ্গাপুরে অবস্থান করেই প্রয়োজনীয় চিকিৎসা ও পরামর্শ প্রদান করেন এবং রোগী দ্রুত আরোগ্য লাভ করে।

ক. ন্যানো টেকনোলজি কী ?

খ. পাটের জীবন রহস্য উন্মোচিত হয়েছে কোন প্রযুক্তির মাধ্যমে? ব্যাখ্যা কর।

গ. প্রফেসর ড. চৌধুরীর পাঠদান পদ্ধতি ব্যাখ্যা কর।

ঘ. 'সন্তানের চিকিৎসায় জনাব মাসুদ এর পদক্ষেপ এ দেশের ভুক্তভোগী জনগণের জন্য একটি অনুকরণীয় দৃষ্টান্ত' – উক্তিটির যৌক্তিকতা বিশ্লেষণ কর।

২.► বর্তমান চিকিৎসা ব্যবস্থায় যেসব রোগীর পক্ষে অপারেশন বা রেডিও থেরাপির ধকল সহ্য করা সম্ভব হয় না এসব রোগীর ক্ষেত্রে বিভিন্ন পদ্ধতি ব্যবহার করে রোগ প্রশমনে সহায়তা করা হয়।

ক. ভার্সুয়াল রিয়েলিটি কী ?

খ. কৃত্রিম বুদ্ধিমত্তা সম্পর্কে লিখ।

গ. উদ্দীপকে উল্লেখিত চিকিৎসা ব্যবস্থায় পরিচালিত পদ্ধতির অপারেশন বা রেডিও থেরাপি কার্যকর নয় কেন?

ঘ. উল্লেখিত চিকিৎসা ব্যবস্থায় সমস্যা সমাধানের জন্য ক্রায়োসার্জারির ভূমিকা আলোচনা কর।

৩.► অর্ক ত্বকের সমস্যার জন্য ডাক্তারের নিকট গেল। ডাক্তার তাকে পরীক্ষা নিরীক্ষা করে নিম্ন তাপমাত্রা প্রয়োগ করে চিকিৎসা করলেন। ডাক্তার নতুন রোগীর তুলনায় পুরাতন রোগীর জন্য কম ফি নেন। ডাক্তার অর্কের আঙ্গুলের ছাপ নিয়ে কম্পিউটার দেখে কম ফি ধার্য করল।

ক. ন্যানো টেকনোলজী কী?

খ. ই-কমার্স পণ্যের ক্রয়-বিক্রয়কে কিভাবে সহজ করেছে? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে অর্কের চিকিৎসার পদ্ধতি ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের ডাক্তারের ফি ধার্য করার ব্যবহৃত পদ্ধতিটি বিশ্লেষণ কর।

ব প্রভাবিত করেছে – ব্যাখ্যা কর।